

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২০ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৩৮২-আইন/আয়কর/২০১৯ |—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৬-আইন/২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) “মোটর সাইকেল ও এয়ার কন্ডিশনার” শব্দগুলির পরিবর্তে “মোটর সাইকেল, এয়ার কন্ডিশনার ও কম্প্রেসর” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;
- (খ) “১২ (বারো) বৎসরের জন্য” সংখ্যা, বক্রনী ও শব্দগুলি পরিবর্তে “৩০ জুন, ২০৩২ পর্যন্ত,” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) “৫%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “১০%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন জারির পূর্বে যে সকল শিল্প প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অব্যাহতির অনুমোদন প্রদান করা হইয়াছিল সেই সকল শিল্প প্রতিষ্ঠান অনুমোদিত মেয়াদ পর্যন্ত ৫% হারে এবং উক্ত মেয়াদ উত্তীর্ণ হইবার পর পুনরায় জাতীয় রাজস্ব বোর্ডের অব্যাহতির অনুমোদন গ্রহণ সাপেক্ষে, ৩০ জুন, ২০৩২ পর্যন্ত ১০% হারে কর পরিশোধ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(২৫৬৪৭)

মূল্য : টাকা ৪.০০